

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২২

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি./৪.৪

পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর লেখো।

প্রশ্নগুলির মান সমান

- ১। আরিস্ততলের কাব্যতত্ত্ব আসলে প্লেটোর কাব্যবিষয়ক ভাবনার প্রত্যুত্তর। এই বয়ান তুমি কতদূর সমর্থন করবে সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

- ২। আরিস্ততলের মতে ট্রাজেডির প্রধান লক্ষণগুলি সংক্ষেপে উল্লেখ করো। আরিস্ততল ভেবেছিলেন, ত্রিগ্না ব্যাতিরেকে ট্রাজেডি একেবারেই অসম্ভব, কিন্তু চরিত্র (ইথোস) ছাড়াও ট্রাজেডি হতে পারে — এই ভাবনার আদৌ কোনও অর্থ হয় কি? যুক্তিসহ উত্তর দাও।

৪+৬=১০

অথবা

- ৩। সংক্ষেপে আলোচনা করো — ৫+৫=১০

ক) কাথারসিস

খ) আনাগ্নরিসিস ও পেরিপেতিয়া

- ৪। সাধারণ মানুষের মুখের ভাষার সঙ্গে কবিতার ভাষার সংযোগ ও সম্পর্ক বিষয়ে ‘লিরিকাল ব্যালাড্‌স্’-র কথাগুলো ওয়ার্ডস্‌ওয়ার্থ যে ধারণা ব্যক্ত করেছেন, সেটি সম্বন্ধে সংক্ষিপ্ত বিবরণ দাও।

[Turn over

- ৫। ‘লিরিকাল ব্যালাড্‌স্’-এর কথাগুলো লেখক-কথিত ‘অনুকরণ তত্ত্ব’টি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

- ৬। মার্কস কথিত ভিত্তি-উপরিসৌধের রূপকটি সাহিত্য-সমালোচনায় কেন প্রাসঙ্গিক সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

- ৭। বালজাকের উদাহরণ দিয়ে এঙ্গেলস উপন্যাসের একটি আদর্শ-ধরন প্রস্তাব করেছেন দুটি বহুখ্যাত চিঠিতে। চিঠি দুটির উল্লেখ করে এঙ্গেলস-এর মতটি পরিস্ফুট করো। ১০

- ৮। খেলা, ফ্যান্টাসি ও জনতোষ আখ্যানের মধ্যে যে সম্পর্ক প্রস্তাব করেছেন সিগমুণ্ড ফ্রয়েড সংক্ষেপে তার পরিচয় দাও। ১০

অথবা

- ৯। ফ্যান্টাসির গঠন বিষয়ে ফ্রয়েডের সিদ্ধান্তটি নিজের ভাষায় লেখো। পাঠকের কাছে গল্প কীভাবে আনন্দদায়ক হয়ে ওঠে সে রহস্য উন্মোচনে ফ্রয়েডের মত বুঝিয়ে দাও। ১০

- ১০। রলাঁ বার্ত-এর ‘লেখকের মৃত্যু’ প্রবন্ধে ব্যবহৃত লেখক শব্দটির ব্যাখ্যা দাও। লেখকের ‘বক্তব্য’ বিষয়ে তাঁর মত কি নব্য-সমালোচনাবাদের (নিউ ক্রিটিকিজম) ‘অভিপ্রায় বিষয়ক ভ্রম’ (‘ইন্টেনশনাল ফ্যালাসি’)-এর চেয়ে পৃথক কিছু? যুক্তিসহ লেখো। ১০

অথবা

- ১১। লেখকের সঙ্গে একাধিকবার ঈশ্বরের সাদৃশ্য আভাসিত হয়েছে বার্তের পাঠ্য প্রবন্ধ। এই সাদৃশ্যের তাৎপর্যটি বুঝিয়ে দাও। বার্ত কেন লেখাকে লেখকের ‘বাণী’ হিসেবে দেখতে নারাজ সংক্ষেপে আলোচনা করো। ১০

- ১২। মার্কস-এঙ্গেলস, ফ্রয়েড এবং রলাঁ বার্তের পাঠ্য রচনাগুলি অবলম্বনে সাহিত্য/টেক্সট নিয়ে তাঁদের দৃষ্টিভঙ্গির পার্থক্যের খাটি সংক্ষেপে বুঝিয়ে দাও। ১০